

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৫৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬) নামাযে এদিক-ওদিক তাকানো থেকে ভীতি প্রদর্শন

الترهيب من الالتفات في الصلاة وغيره مما يذكر

আরবী

(حسن لغيره) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: أَوْصاَنِيْ خَلِيْلِيْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِثَلَاثٍ، وَنَهَانِي عَنْ ثَلَاثٍ: نَهَانِي عَنْ نَقْرَةٍ كَنَقْرَةِ الدِّيكِ، وَإِقْعَاءٍ كَإِقْعَاءِ الْكَلْبِ، وَسَلَّمَ بِثَلَاثٍ، وَاهَأْنِي عَنْ ثَقَاءِ الْكَلْبِ، وَالْتِفَاتِ كَالْتِفَاتِ كَالْتِفَاتِ كَالْتِفَاتِ الثَّعْلَبِ. رواه أحمد وأبو يعلى وإسناد أحمد حسن ورواه ابن أبي شيبة وقال كإقعاء القرد

বাংলা

৫৫৫. (হাসান লি গাইরিহী) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ ''আমার বন্ধু মুহাম্মাদ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাকে তিনটি বিষয়ে ওসীয়ত করেছেন এবং তিনটি বিষয়ে নিষেধ করেছেন। তিনি আমাকে নিষেধ করেছেনঃ মোরগের ঠোকর দেয়ার মত করে সিজদা করতে, কুকুরের মত করে বসতে এবং শৃগালের মত এদিক-ওদিক তাকাতে।'

(ইমাম আহমাদ ৮১০৬ ও আবু ইয়ালা হাদীছটি বর্ণনা করেছেন)

ইবনে আবী শায়বার বর্ণনায় বলা হয়েছেঃ 'বাঁদরের মত বসতে নিষেধ করেছেন।'

[কুকুরের মত বসার ব্যাখ্যায় আবু উবাইদ বলেনঃ নিজের নিতম্ব দু'টিকে মাটিতে রেখে দিয়ে দু'পাকে খাড়া রাখা আর দু'হাত মাটিতে রাখা- যেমন কুকুর বসে থাকে।]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন